

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা আবদুল হোসেন দৈনিক মিত্র

রাষ্ট্রপতি বাকুবিতে যাচ্ছেন আজ



বাকুবি সংবাদদাতা



২২ জুলাই, ২০১৮ ইং ০০:০০ মিঃ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ৫৭ বছর পূর্তি উদযাপন এবং হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউট উদ্বোধন উপলক্ষে আজ বাকুবি ক্যাম্পাসে যাচ্ছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

প্রথম পর্বে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু স্মৃতি চত্বরে দুপুর ২টার দিকে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বিশ্ববিদ্যালয় হেলিপ্যাডে দুপুর সাড়ে ৩টার দিকে ৫৭ বছরে বাকুবি ও বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন প্রযুক্তি নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। প্রদর্শন শেষে দেশের প্রথম হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউটের ভিত্তি প্রস্তর উদ্বোধন করবেন রাষ্ট্রপতি।

দ্বিতীয় পর্বে বিকেল সাড়ে ৪টার দিকে অনুষ্ঠিত হবে বাকুবি অ্যালামনাই সমাবেশ। সন্ধ্যা ৭টার দিকে রয়েছে অ্যালামনাইদের জন্য মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। বাকুবি ও বাকুবি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে এ অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। এতে ৪৩৮৬ অ্যালামনাই ও তাদের পরিবার অংশগ্রহণ করছেন।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত